# কিশোরগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি

মুকসেদপুর, কিশোরগঞ্জ।

# গ্রাহক সেবা নির্দেশিকা

টেলিফোন নম্বর সমূহঃ

১) দপ্তর প্রধানঃ

জেনারেল ম্যানেজার টেলিফোনঃ ০৯৪১-৬২০২৫

মোবাঃ-০১৭৬৯-৪০০০৪১

ডেপুটি জেনারেল ম্যানেজার, নান্দাইলঃ-০১৭৬৯-৪০০১৭৬

ডেপুটি জেনারেল ম্যানেজার, কটিয়াদীঃ-০১৭৬৯-৪০০১৭৭

ডেপুটি জেনারেল ম্যানেজার, হোসেনপুরঃ-০১৭৬৯-৪০০১৭৮

সহকারী জেনারেল ম্যানেজার, (নিপর সদর)- ০১৭৬৯-৪০০৫২৮

সহকারী জেনারেল ম্যানেজার, (সাঃসেঃ)- ০১৭৬৯-৪০০৫৩৩

সহকারী জেনারেল ম্যানেজার, (সঃসেঃ)- ০১৭৬৯-৪০০৫৩৪

সহকারী জেনারেল ম্যানেজার, (অর্থ)- ০১৭৬৯-৪০০৫৩২

সহকারী জেনারেল ম্যানেজার, (নিপর)নাঃজোঃঅঃ-০১৭৬৯-৪০০৫২৯

সহকারী জেনারেল ম্যানেজার, (নিপর)কটিঃজোঃঅঃ-০১৭৬৯-৪০০৫৩০

সহকারী জেনারেল ম্যানেজার, (নিপর)হোঃজোঃঅঃ-০১৭৬৯-৪০০৫৩১

২) অভিযোগকেন্দ্রঃ

সদর দপ্তর অভিযোগ কেন্দ্র টেলিঃ-০৯৪১-৬২৯৩৭

মোবাঃ-০১৭৬৯-৪০১৩৩৬

নান্দাইল জোনাল অফিস অভিযোগ কেন্দ্রঃ- ০১৭৬৯-৪০১৩৪১

কটিয়াদী জোনাল অফিস অভিযোগ কেন্দ্রঃ- ০১৭৬৯-৪০১৩৪৬

হোসেনপুর জোনাল অফিস অভিযোগ কেন্দ্রঃ- ০১৭৬৯-৪০১৩৫০

পাকুন্দিয়া অভিযোগ কেন্দ্রঃ- ০১৭৬৯-৪০১৩৫১

করিমগঞ্জ অভিযোগ কেন্দ্রঃ- ০১৭৬৯-৪০১৩৩৭

ন্যামতপুর অভিযোগ কেন্দ্রঃ- ০১৭৬৯-৪০১৩৩৮

ইটনা অভিযোগ কেন্দ্রঃ- ০১৭৬৯-৪০১৩৩৯

মিঠামইন অভিযোগ কেন্দ্রঃ- ০১৭৬৯-৪০১৩৪০

নিকলী অভিযোগ কেন্দ্রঃ- ০১৭৬৯-৪০১৩৪৭

অষ্টগ্রাম অভিযোগ কেন্দ্রঃ- ০১৭৬৯-৪০১৩৪৯

তাড়াইল অভিযোগ কেন্দ্রঃ- ০১৭৬৯-৪০১৩৪২

সীড স্টোর অভিযোগ কেন্দ্রঃ- ০১৭৬৯-৪০১৩৪৫

কানুরামপুর অভিযোগ কেন্দ্রঃ- ০১৭৬৯-৪০১৩৪৩

পুলেরঘাট অভিযোগ কেন্দ্রঃ- ০১৭৬৯-৪০১৩৪৮

মঠখোলা অভিযোগ কেন্দ্রঃ- ০১৭৬৯-৪০১৩৫২

# এক অবস্থানে সেবা

কিশোরগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর ও জোনাল অফিস সমূহের 'এক অবস্থান সেবা' এ নতুন বিদ্যুৎ সংযোগ, বিদ্যুৎ বিভ্রাট/বিল/মিটার সংক্রান্ত অভিযোগ, বিল পরিশোধের ব্যবস্থাসহ সকল ধরনের অভিযোগ জানানো যাবে এবং এতদসংক্রান্ত বিষয়ে তথ্য পাওয়া যাবে।

**নতুন সংযোগ গ্রহণ**

'এক অবস্থানে সেবা' থেকে নতুন সংযোগের আবেদনপত্র পাওয়া যাবে। আবেদনপত্রটি যথাযথভাবে পূরণ করে নির্ধারিত আবেদন ফি সদর দপ্তর/জোনাল অফিসের ক্যাশ শাখায় জমা প্রদান করে জমা রশিদ ও প্রয়োজনীয় দলিলাদিসহ 'এক অবস্থানে সেবা' এ জমা করলে আপনাকে একটি নিবন্ধন নম্বরসহ পরবর্তী আগমনের তারিখ জানানো হবে।

আবেদন সমীক্ষা, স্টেকিং ও অনুমোদন সম্পন্ন করে প্রয়োজনীয় শর্তাদি নীতিমালা ও প্রাক্কলন (প্রযোজ্য ক্ষেত্রে) জানিয়ে পত্র প্রদান করা হবে।

'এক অবস্থানে সেবা' থেকে নতুন সংযোগ গ্রহণের নিয়মাবলী ও এতদসংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাবলী সম্বলিত একটি 'গ্রাহক সেবা নির্দেশিকা' সংগ্রহ করা যাবে।

**নতুন সংযোগের জন্য আবেদন ফিঃ**

১) বাড়ি/বাণিজ্যিক/দলগত/দাতব্য প্রতিষ্ঠানের বিদ্যুৎ সংযোগের জন্য নিম্নবর্ণিত হারে সমীক্ষা ফি আদেনের সাথে জমা দিতে হবে।

ক)১ হইতে ৯ জন পর্যন্ত গ্রাহকের ক্ষেত্রে -১০০.০০টাকা (জনপ্রতি)

খ)১০ হইতে ২০ জন পর্যন্ত গ্রুপ সম্বলিত গ্রাহকের ক্ষেত্রে -১৫০০.০০টাকা (নির্ধারিত)

গ)২১ জন ও তদুর্দ্ধ গ্রুপ সম্বিলিত গ্রাহকের ক্ষেত্রে -২০০০.০০টাকা (নির্ধারিত)

২) সেচ কার্যে বিদ্যুৎ সংযোগের জন্য আবেদনের সহিত ২৫০.০০ (দুইশত পঞ্চাশ)টাকা জমা প্রদান করতে হবে।সংযোগের চুক্তি সম্পাদনের প্রাক্কালে আবেদনকারীর ০২(দুই) কপি ছবি জমা দিতে হবে।

৩) ১নং ও ২নং এ উল্লেখিত উভয় লোডের জন্য একই অবস্থানে একটি আবেদনপত্র ব্যবহারের ক্ষেত্রে সমক্ষা ফি বাবদ সর্বসাকুল্যে ২৫০.০০(দুইশত পঞ্চাশ) টাকা জমা প্রদান করতে হবে।

৪)যে কোনো ধরনের অস্থায়ী সংযোগের জন্য ১৫০০.০০(এক হাজার পাচঁশত) টাকা সমীক্ষা ফি বাবদ জমা প্রদান করতে হবে।

৫)বর্ণিত সংযোগ ও শিল্প প্রতিষ্ঠান ব্যতীত অন্য কোন সাময়িক/স্থায়ী সংযোগরে জন্য ১৫০০.০০(এক হাজার পাচঁশত) টাকা সমীক্ষা ফি বাবদ জমা প্রদান করতে হবে।

৬)শিল্প সংযোগের জন্য আবেদন করার সময় আদেনকারীকে বিদ্যুৎ সংযোগের জন্য প্রাথমিক সমীক্ষা সম্পাদনের জন্য ২৫০০/-(দুই হাজার পাচঁশত)টাকা এবং বৃহৎ শিল্প প্রতিষ্ঠান হলে আবেদন ফি জমা দিতে হবে ৫০০০/-( পাচঁ হাজার)টাকা মাত্র সমিতি এর অনুকূলে নগদ জমা দিতে হবে (অফেরতযোগ্য)।

৭)শিল্প প্রতিষ্ঠানের লে-আউট প্ল্যানসহ প্রস্তাবিত বৈদ্যুতিক যন্ত্রপাতির অবস্থান সম্বলিত ড্রইং ও বিস্তারিত বিবরণ জমা দিতে হবে।

৮। সাময়িক সংযোগ ও বৈদ্যুতিক লোডের নিশ্চয়তা চাওয়া হইলে এবং সমিতি কর্তৃক এতদসংক্রান্ত সম্মতিপত্র জারী করা হইলে সংরক্ষণ ফি স্থায়ী সংযোগ হওয়া পর্যন্ত প্রযোজ্য হবে।

**নতুন সংযোগের জন্য প্রয়োজনীয় দলিলাদি**

নতুন সংযোগের জন্য আবেদনপত্রের সাথে নিম্নোক্ত দলিলাদি দাখিল করতে হবেঃ
সংযোগ গ্রাহণকারীর পাসপোর্ট সাইজের ২কপি সত্যায়িত ছবি।
জমির মালিকানা দলিলের সত্যায়িত কপি।
যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক নামজারীসহ হোল্ডিং নম্বর এর সত্যায়িত কপি ও দলিল অথবা দাগ নম্বর, খতিয়ান নম্বর, জমির দলিল, কমিশনারের সার্টিফিকেট (যেখানে নক্সা অনুমোদন নেই)।
লোডের চাহিদার পরিমাণ।
জমি/ভবনের ভাড়ার (যদি প্রযোজ্য হয়) দলিল। ভাড়ার ক্ষেত্রে মালিকের সম্মতি পত্রের দলিল। পূর্বের কোন সংযোগ থাকলে ঐ সংযোগের বিবরণ ও সর্বশেষ পরিশোধিত বিলের কপি।
অস্থায়ী সংযোগের ক্ষেত্রে বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে)।
বৈধ লাইসেন্সধারী কর্তৃক প্রদত্ত ইন্সটলেশন টেষ্ট (ওয়্যারিং) সার্টিফিকেট।
ট্রেড লাইসেন্স (প্রযোজ্য ক্ষেত্রে)।
সংযোগ স্থানের নির্দেশক নকসা।
শিল্প প্রতিষ্ঠান স্থাপনের নিমিত্তে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন।
পাওয়ার ফ্যাক্টর ইমপ্রুভমেন্ট প্লান্ট স্থাপন (শিল্পের ক্ষেত্রে)।
সার্ভিস লাইন এর দৈর্ঘ্য ১২০ ফুটের বেশী হবে না।
বহুতল আবাসিক/বানিজ্যিক ভবন নির্মাতা ও মালিকের সাথে ফ্ল্যাট মালিকের চুক্তি নামার সত্যায়িত কপি।

**৪৫ কিঃওঃ এর উর্দ্ধে সংযোগের জন্য গ্রাহককে আরও যে দলিলাদি দাখিল করতে হবেঃ-**

পৌরসভা অথবা সংশ্লিষ্ট হাউজিং কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত বাড়ীর নক্সার (সত্যায়িত কপি) উপকেন্দ্রের লে-আউট প্ল্যান।
ফ্লোর প্ল্যানের সঠিক পরিমাপসহ স্থাপনার আভ্যন্তরীণ ওয়্যারিং সিঙ্গেল লাইন ডায়াগ্রাম। আভ্যন্তরীণ ওয়্যারিং সম্পাদনের কন্ট্রাক্ট ফরম ও জব অর্ডার।
ওয়্যারিং মালামালের ক্রয় রশিদ।
উপকেন্দ্রে স্থাপিত সব যন্ত্রপাতির স্পেসিফিকেশন ও টেষ্ট রেজাল্ট এবং বৈদ্যুতিক উপদেষ্টা ও প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তর থেকে প্রদত্ত উপকেন্দ্র সংক্রান্ত ছাড়পত্র।
পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র (প্রযোজ্য ক্ষেত্রে)।
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর ছাড়পত্রের কপি (প্রযোজ্য ক্ষেত্রে)।

**বিল সংক্রান্ত অভিযোগ**

বিল সংক্রান্ত যে কোন অভিযোগ যেমনঃ চলতি মাসের বিল পাওয়া যায়নি, বকেয়া বিল, অতিরিক্ত বিল ইত্যাদির জন্য 'এক অবস্থানে সেবা' এ যোগাযোগ করলে তাৎক্ষণিক সমাধান সম্ভব হলে তা নিষ্পত্তি করা হবে। অন্যথায় একটি নিবন্ধন নম্বর দিয়ে পরবর্তী যোগাযোগের সময় জানিয়ে দেয়া হবে এবং পরবর্তী ৭ (সাত) দিনের মধ্যে নিষ্পত্তির ব্যবস্থা নেয়া হবে।

**বিল পরিশোধ**

সদর দপ্তর/জোনাল অফিসের 'এক অবস্থানে সেবা' সংলগ্ন ক্যাশ শাখায় বিল পরিশোধ করতে পারবেন। তাছাড়া কিশোরগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর বিদ্যুৎ বিল সংগ্রহকারী ব্যাংক শাখা সমূহে বিদ্যুৎ বিল পরিশোধ করতে পারবেন।

## বিদ্যুৎ বিভ্রাটের অভিযোগ

পবিসের নির্দিষ্ট ‘অভিযোগ কেন্দ্র’ অথবা ‘এক অবস্থানে সেবা’ এ আপনার বিদ্যুৎ বিভ্রাটের অভিযোগ জানানো হলে আপনাকে অভিযোগ নম্বর ও নিষ্পত্তির সম্ভাব্য সময় জানিয়ে দেয়া হবে। অভিযোগ নম্বরের ক্রমানুসারে আপনার বিদ্যুৎ বিভ্রাট দূরীভূত করার লক্ষ্যে ২৪ ঘন্টার মধ্যে নিষ্পত্তির ব্যবস্থা নেয়া হবে। কোন কোন ক্ষেত্রে যদি নির্ধারিত সময়ে বিদ্যুৎ বিভ্রাট দূরীভূত করা সম্ভব না হয়, তার কারণ গ্রাহককে অবহিত করা হবে।

**নতুন সংযোগের জন্য জামানতের পরিমাণ**

| ক্রঃ নং | বিবরণ | জামানতের পরিমাণ |
|---|---|---|
| ১ | বাড়ী,দাতব্য প্রর্তিষ্ঠান | |
| | ক)লোড ০-০.০৫কিঃওঃ পর্যন্ত<br>খ)১কিঃওঃ পর্যন্ত<br>গ)লোড ১কিঃওঃ এর উর্দ্ধে | ক)৫০০.০০টাকা<br>খ)৬০০.০০টাকা<br>গ)প্রথম ১কিঃওঃ ৬০০.০০টাকা পরবর্তী প্রতি কিঃওঃ ২০০ টাকা হারে |
| ২ | বানিজ্যিক ১-৫কিঃওঃ পর্যন্ত | ক)প্রথম ১কিঃওঃ ৬০০.০০টাকা পরবর্তী প্রতি কিঃওঃ ২০০ টাকা হারে |
| ৩ | বানিজ্যিক ৫কিঃওঃ এর উর্দ্ধে | চুক্তি বদ্ধ লোড X ৮ ঘন্টা X ২৫দিন X ২মাস X রেট |
| ৪ | রাস্তার বাতি | ছয় মাসের নূন্যতম বিল(১৫০০.০০টাকা) |
| ৫ | কৃষি | |
| | ক)অগভীর নলকূপের জন্য<br>খ)এল.এল.পি<br>গ)গভীর নলকূপের জন্য | ক)প্রতি ঘোড়া X ১২৫.০০ X ৫ মাস সর্ব নিম্ন ৩০০০.০০ টাকার কম নহে।<br>খ)প্রতি ঘোড়া X ১২৫.০০ X ৫ মাস সর্ব নিম্ন ৩০০০.০০ টাকার কম নহে।<br>গ)প্রতি ঘোড়া X ১২৫.০০ X ৮ মাস। |
| ৬ | শিল্প | চুক্তি বদ্ধ লোড X ৮ ঘন্টা X ২৫দিন X ২মাস X রেট |

মেলা, রাস্তা, ব্রীজ এর নির্মাণ কাজ ইত্যাদিতে অস্থায়ী বিদ্যুৎ সংযোগ দেয়া হয়। অস্থায়ী বিদ্যুৎ সংযোগের জন্য নিম্নোক্ত অর্থাদী জমা দিতে হবে।

ক)মালামালের মূল্যের ১১০% মূল্য জমা দিতে হবে। সংযোগ শেষে ব্যবহারযোগ্য মালামালের ১০০% মূল্য ফেরত দেয়া হবে।

খ)লেবার কষ্ট, সংযোগ ও বিচ্ছিন্ন ফি।

গ)শিল্প রেটে প্রাক্কলিত বিদ্যুৎ বিল।

ঘ)ট্রান্সফরমার উঠানো, নামানো ফি এবং ভাড়া।

## লোড পরিবর্তন

নির্ধারিত সমীক্ষা ফি জমা দিয়ে আবেদন করতে হবে।

লোড বৃদ্ধির জন্য প্রযোজ্য অনুযায়ী কিলোওয়াট প্রতি বিদ্যমান হারে জামানত প্রদান করতে হবে। অতিরিক্ত লোডের জন্য লাইন, ট্রান্সফরমার, সার্ভিস তার/মিটার বদলানোর প্রয়োজন হলে উক্ত ব্যয় গ্রাহককে বহন করতে হবে।

প্রাক্কলন ও জামানতের অর্থ জমাদানের ৭(সাত) দিনের মধ্যে লোড বৃদ্ধি কার্যকর করা হবে। যদি লোড বৃদ্ধি করা সম্ভবপর না হয় তবে তার কারণ জানিয়ে গ্রাহককে একটি পত্র দেয়া হবে।

**খুটি/লাইন স্থানান্তর**

১৫০০/-সমীক্ষা ফি জমা দিয়ে আবেদন করতে হবে। সমীক্ষানুযায়ী স্থানান্তরের প্রাক্কলিত অর্থ আবেদনকারী কর্তৃক জমা সাপেক্ষে ব্যবস্থা নেয়া হবে।

**গ্রাহকের নাম পরিবর্তনের পদ্ধতি**

ক)গ্রাহক ক্রয় সূত্রে/ওয়ারিশসূত্রে/লিজসূত্রে জায়গা বা প্রতিষ্ঠানের মালিক হলে সকল দলিলের সত্যায়িত ফটোকপি ও সর্বশেষ পরিশোধিত বিলের কপিসহ আবেদন করেত হবে। সরেজমিন তদন্ত করে নাম পরিবর্তনের জন্য বিদ্যমান হরে নতুন নামে জামানত প্রদান করতে হবে। সকল বকেয়া পরিশোধিত হতে হবে। মৃত্যু জনিত কারণে হলে স্থানীয় প্রতিনিধির সনদ এবং অপরাপর উত্তরাধিকারীদের লিখিত সম্মতি প্রয়োজন হবে। গ্রাহক জামানত এবং প্রযোজ্য নাম পরিবর্তন নির্ধারিত ফি অফিসে জমা দিলে ৭(সাত) দিনের মধ্যে নাম পরিবর্তন কার্যকর হবে।

**অবৈধভাবে বিদ্যুৎ ব্যবহার, মিটারে হস্তক্ষেপ, বাইপাস, বিনা অনুমতিতে সংযোগ গ্রহণ ইত্যাদি ক্ষেত্রে আইনগত ব্যবস্থা**

বিদ্যুৎ আইনের [Electrictity Act,1990 & As Amended The Electricity (Amendet) Act, 2006"] ৩৯ ধারা অনুসারে এ ক্ষেত্রে নূন্যতম ১ বছর হতে ৩ বছর পর্যন্ত জেল এবং ১০ হাজার টাকা জরিমানার বিধান রয়েছে। তাছাড়া অবৈধ ভাবে বিদ্যুৎ ব্যবহারের জন্য প্রাক্কলিত বিদ্যুৎ বিল প্রদান করতে হবে।এছাড়াও উক্ত বিদ্যুৎ ব্যবহারের দ্বারা যদি বিদ্যুৎ সরবরাহ সংস্থার বৈদ্যুতিক সরঞ্জাম, মিটার, মিটারিং ইউনিট ইত্যাদি পূনরায় সচল করা গেলে মেরামত খরচ অথবা সম্পূর্ণ ধ্বংসপ্রাপ্ত বা পূনরায় সচল করা যাবে না এরূপ সরঞ্জামের জন্য পূনঃস্থাপনের ব্যয়সহ প্রকৃত মূল্য আদায় করা হবে।

**অবৈধ বিদ্যুৎ ব্যবহারের জন্য উপরোক্ত অর্থাদি ছাড়াও নিম্নোক্ত হারে সাধারণ জরিমানা দিতে হবে।**

আবাসিক, বাণিজ্যিক, দাতব্য প্রতিষ্ঠান, স্ট্রিট লাইট - ৫০০.০০
সেচ সংযোগ - ২০০০.০০
শিল্প (৪৫ কেভিএ পর্যন্ত) - ৫০০০.০০
শিল্প (৪৫ কেভিএ হতে ৭৫ কেভিএ পর্যন্ত) - ৭৫০০.০০
শিল্প (৭৫ কেভিএ এর উর্দ্ধে) - ১৫০০০.০০

শ্রেণী ভিত্তিক বিদ্যমান বিদ্যুতের মূল্যহারঃ

| ক্রঃ নং | গ্রাহক শ্রেণী | ধাপ (কিঃওঃঘঃ) প্রকার | প্রতি ইউনিট দর (টাকা) | ডিমান্ড চার্জ | ভ্যাট (নীটবিলের) | মিটার ভাড়া |
|---|---|---|---|---|---|---|
| ১ | এলটি-এ আবাসিক | ০-৫০ | ৩.৮০ | ২৫/- | ৫% | ১০/- |
| | | ১-৭৫ | ৪.০০ | | | |
| | | ৭৬-২০০ | ৫.৪৫ | | | |
| | | ২০১-৩০০ | ৫.৭০ | | | |
| | | ৩০১-৪০০ | ৬.০২ | | | |
| | | ৪০১-৬০০ | ৯.৩০ | | | |
| | | ৬০০এর উর্দ্ধে | ১০.৭০ | | | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ২ | এলটি-ই বানিজ্যিক | চুক্তিবদ্ধ লোড- 50কি:ও:পর্যন্ত | ১০.৩০ | প্রতি কিঃওঃ বা অংশের জন্য 30.০০ টাকা হারে | ৫% | ১০/- |
| | এলটি-ই বানিজ্যিক | চুক্তিবদ্ধ লোড- 50কি:ও:এর উর্দ্ধে 5মে:ও:পর্যন্ত | ৮.৪০ | প্রতি কিঃওঃ বা অংশের জন্য 50.০০ টাকা হারে | ৫% | ১০০/- |
| ৩ | এলটি-ডি-1 দাতব্য প্রতিষ্ঠান | ধর্মীয় উপাসনালয়,হাসপাতাল ও শিক্ষা প্রতিষ্ঠান(50কি:ও:পর্যন্ত) | ৫.৭৩ | প্রতি কিঃওঃ বা অংশের জন্য 25.০০ টাকা হারে | ৫% | ১০/- (১ফেজ)<br>100.00 (৩ফেজ)- |
| ৪ | এলটি-বি সেচ | - | 4.00 | নাই | ৫% | - |
| ৫ | এলটি-সি-1 ক্ষুদ্র শিল্প (জি.পি) | ০-৫0 কিঃওঃ পর্যন্ত লোড | ৮.২০ | প্রতি কিঃওঃ ২৫.০০ টাকা হারে | ৫% | ১0.০০ (১ফেজ) ১০০/- (৩ফেজ) |
| ৬ | এমটি-3 (এল.পি) | ৫০ কিঃওঃ এর উর্দ্ধে 5মে:ও:পর্যন্ত লোড 11কেভি | ৮.১৫ | প্রতি কিঃওঃ (ডিমান্ড) ৫0.০০ টাকা হারে | ৫% | ১০০/- |
| ৭ | রাস্তার বাতি | মিটার ছাড়া | ৭.৭০ | 40.০০ টাকা হারে | ৫% | - |
| ৮ | ৩৩কে.ভি | নিম্নচাপ ৫০ কিঃও:পর্যন্ত | ৮.২০ | ২৫.০০ টাকা হারে | ৫%- | - |
| 9 | ৩৩কে.ভি | মধ্যচাপ ৫০ কিঃও:হইতে 5মে:ও:পর্যন্ত | ৮.১৫ | ৫০.০০ টাকা হারে | ৫%- | - |
| | | | | | | |

বিঃ দ্রঃ-

১। সেচ ও কৃষি ভিত্তিক শিল্প প্রতিষ্ঠানে বিদ্যুৎ বিলের ২০% রিবেট বা রেয়াতী সুবিধা প্রদান করা হয়।

২। বিলে উল্লেখিত নির্ধারিত তারিখের মধ্যে বিল পরিশোধ না করিলে পরবর্তী ৫% বিলম্ব মাশুল সহ পরিশোধের নির্ধারিত তারিখের মধ্যে পরিশোধ করিতে হয়। সেচ সংযোগের ক্ষেত্রে বিল তৈরীর ৬০ দিনের মধ্যে পরিশোধ না করিলে অতিরিক্ত ৫% সহ মোট ১৫% বিলম্ব মাশুল আদায় করা হয়।

উপরোক্ত বিদ্যুতের মূল্যহারের সাথে নূন্যতম চার্জ, ডিমান্ড চার্জ, সার্ভিস চার্জ ও অন্যান্য শর্তাবলীসহ মূল্য সংযোজন কর যথারীতি প্রযোজ্য হবে। বিদ্যুতের মূল্যহার সরকার কর্তৃক অনুমোদিত এবং পরিবর্তনযোগ্য।

## গ্রাহকের জ্ঞাতব্য বিষয়

* সন্ধ্যা পিক-আওয়ারে বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়ী হোন । আপনার সাশ্রয়কৃত বিদ্যুৎ অন্যকে আলো জ্বালাতে সহায়তা করবে ।

* সংযোগ বিচ্ছিন্ন এড়াতে নিয়মিত বিদ্যুৎ বিল পরিশোধ কররুন এবং বিলম্ব মাশুল পরিশোধের ক্ষতি থেকে মুক্ত থাকুন।

* বিদ্যুৎ বিল সাশ্রয়কল্পে মানসম্মত এনার্জি সেভিং বাল্ব (CFL) ও বৈদ্যুতিক সরঞ্জাম ব্যবহার করুন।

* টিউব লাইটে Electronic Ballast ব্যবহার করে বিদ্যুৎ সাশ্রয় করুন।

* বিদ্যুৎ একটি মূল্যবান জাতীয় সম্পদ। দেশের বৃহত্তম স্বার্থে এই সম্পদের সুষ্ঠু ও পরিমিত ব্যবহারে ভূমিকা রাখুন।

* বৎসরান্তে পবিস হতে বিদ্যুৎ বিল পরিশোধের প্রমাণ পত্র প্রদান করা হয়ে থাকে।

* মিটার রক্ষণাবেক্ষণের দায়িত্ব আপনার। এর সঠিক, সুষ্ঠু অবস্থা ও সীল সমূহের নিরাপত্তা নিশ্চিত করুন।

* লোড শেডিং সংক্রান্ত তথ্য সংস্থা সমূহের ওয়েব সাইট থেকে জানা যাবে।যদি কোন কারণে ওয়েবসাইট থেকে তথ্য পাওয়া না যায় সেক্ষেত্রে সংশ্লিষ্ট এলাকার আওতাধীন অভিযোগকেন্দ্র থেকে জানা যাবে।

* বিদ্যুৎ চুরি ও এর অবৈধ ব্যবহার থেকে নিজে বিরত থাকুন ও অন্যকে নিবৃত করুন। "এক অবস্থান সেবা/অভিযোগকেন্দ্র" এ অবহিত করে সহযোগিতা করা আপনার দায়িত্ব।

* ইদানিং একটি সংঘবদ্ধ অসাধু চক্র চালু লাইন হতে ট্রান্সফরমার/বৈদ্যুতিক যন্ত্রপাতি/তার চুরির সাথে জড়িত। সুতরাং আপনার এলাকার উপরিউক্ত চুরি রোধে তথ্য দিয়ে সহাযোগিতা করুন।

**অবৈধ বিদ্যুৎ ব্যবহার থেকে বিরত থাকুন।**